কানাইঘাটে এনআরবিসি ব্যাংকের শাখা অফিসের উদ্বোধন

কানাইঘাট প্রতিনিধিঃ
সিলেটের কানাইঘাটে এনআরবিসি ব্যাংক শাখার শুভ উদ্বোধন করা হয়েছে। গতকাল রবিবার দুপুর ১২টায় কানাইঘাট উত্তর বাজারস্থ মদিনা মার্কেটের ২য় তলায় এ ব্যাংকের শাখার উদ্বোধন উপলক্ষে এক অনুষ্টানের আয়োজন করা হয়। এনআরবি কমার্শিয়াল ব্যাংকের পরিচালক, শিল্পপতি মোহাম্মদ অলিউর রহমানের সভাপতিত্বে ও ব্যাংকের সিলেট বটেশ^র শাখার ম্যানেজার অপারেশন মহসিনুল হক সুয়েবের পরিচালনায় উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, কানাইঘাট উপজেলা পরিষদের চেয়ারম্যান আব্দুল মুমিন চৌধুরী। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কানাইঘাট পৌরসভার মেয়র উপজেলা আওয়ামীলীগের সভাপতি লুৎফুর রহমান, সাধারণ সম্পাদক অধ্যক্ষ সিরাজুল ইসলাম, সিলেট প্রেসক্লাবের সিনিয়র সহ সভাপতি এম এ হান্নান, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান মাওঃ আব্দুল্লাহ শাকির, কানাইঘাট বাজার বনিক সমিতির সভাপতি আলতাফ হোসেন, সাধারণ সম্পাদক আব্দুল হেকিম শামীম, ক্যাশিয়ার নজির উদ্দিন প্রধান, বীর মুক্তিযোদ্ধা সুবেদার আফতাব উদ্দিন, কানাইঘাট প্রেসক্লাবের সাধারণ সম্পাদক নিজাম উদ্দিন। এছাড়াও বক্তব্য রাখেন এনআরবিসি ব্যাংক কানাইঘাট শাখার ব্যবস্থাপক ইয়াস উদ্দিন, সিলেট জোনাল হেড অফিসের ভাইস প্রেসিডেন্ট এমএ মুবিন প্রমূখ। প্রধান অতিথির বক্তব্যে উপজেলা চেয়ারম্যান আব্দুল মোমিন চৌধুরী প্রবাসী অধ্যুষিত কানাইঘাটে এনআরবিসি ব্যাংকের শাখার উদ্বোধনের মধ্য দিয়ে ব্যবসা বানিজ্যের আরো অগ্রগতি সাধন সহ গ্রাহকরা আধুনিক ব্যাংকিং সুবিধার আওতায় আসবেন বলে আশাবাদ ব্যক্ত করেন এবং সেই সাথে ব্যাংক পরিচালনা পরিষদকে এখানে শাখা অফিস কার্যক্রম শুরু করায় কৃতজ্ঞতা প্রকাশ করেন। সভাপতির বক্তব্যে ব্যাংকের পরিচালক, শিল্পপতি মোহাম্মদ অলিউর রহমান বলেন মুনাফা লাভের উদ্দেশ্য নয় গ্রাহকদের তাৎক্ষনিক সেবা প্রদান ও এ ব্যাংকের শাখা থেকে সমাজের সর্বস্তরের মানুষ ও ক্ষুদ্র মাঝারি ও বড় বড় ব্যবসায়ীরা সহজ শর্তে ঋন সুবিধা নিয়ে ব্যবসা বানিজ্য সহ দেশের উন্নয়নে ভূমিকা পালন করতে পারেন এজন্য এনআরবিসি ব্যাংক নানা ধরনের ব্যাংকিং সুবিধা নিয়ে দেশের প্রত্যন্ত অঞ্চলে শাখা খুলছে। তিনি সবাইকে ব্যাংকের গ্রাহক হয়ে উত্তম সেবা নেওয়ার জন্য কানাইঘাট বাসীর প্রতি আহŸ◌ান

জানান। অনুষ্ঠান শেষে আনুষ্ঠানিক ভাবে ফিতা কেটে এনআরবিসি ব্যাংকের কানাইঘাট শাখার উদ্বোধন করেন অতিথিবৃন্দ।